*AH-I/Bengali-102C-2/19*

# B.A. Semester I (Honours) Examination, 2018-19

# BENGALI

**Course ID: 10112** **Course Code: AHBNG-102C-2**

Course Title: সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস, ছন্দ অলঙ্কার

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কালিদাসের দুটি নাটকের নাম লেখো।

(খ) ‘স্বপ্নবাসবদত্তা’ কার লেখা? এটি কটি অঙ্কে বিভক্ত?

(গ) চসারের ফরাসি পর্বে রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) এলিয়টের দুটি কাব্যনাটকের নাম লেখো।

(ঙ) পর্ব কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) দল ক-প্রকার ও কী কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ছ) যমক অলংকারের সংজ্ঞা ও উদাহরণ লেখো।

(জ) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা ও উদাহরণ লেখো।

(ঝ) রামায়ণ অবলম্বনে রচিত ভাসের দুটি নাটকের নাম লেখো।

(ঞ) শেলীকে কোন যুগের কবি বলা হয়? তাঁর প্রথম কাব্যের নাম কী?

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) বাণভট্টের ‘হর্ষচরিত’ বিষয়ে আলোচনা করো।

(খ) ওয়াল্টার স্কটের ঔপন্যাসিক প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) ‘লিরিক্যাল ব্যালাডস’ কোন্ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? বইটির ঐতিহাসিক ভূমিকা বিষয়ে লেখো।

(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো।

আমি যদি হই ফুল, হই ঝুঁটি-বুলবুল হাঁস
মৌমাছি হই একরাশ,
তবে আমি উড়ে যাই, বাড়ি ছেড়ে দূরে যাই,
ছেড়ে যাই ধারাপাত, দুপুরের ভূগোলের ক্লাশ।

(ঙ) অলংকার নির্ণয় করো।

পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) কী অর্থে 'শূদ্রক এক বিস্ময়কর প্রতিভা' সে-বিষয়ে আলোচনা করো।

(খ) রোমান্টিক কবিরূপে কীটসের কাব্যবৈশিষ্ট্য বিষয়ে আলোকপাত করো।

(গ) ওয়ার্ডসওয়ার্থের কবিপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) স্বরবৃত্ত ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো।

(ঙ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা ও প্রকারভেদ উদাহরণসহ বিশ্লেষণ করো।

*AH-I/Bengali-103GE-1/19*

# B.A. Semester I (Honours) Examination, 2018-19

# BENGALI

**Course ID: 10114** **Course Code: AHBNG-103GE-1**

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কে, কোন্ গ্রন্থে চর্যাপদের ভাষা যে বাংলা তা প্রমাণ করেছেন?

(খ) রামায়ণে উল্লিখিত কৃত্তিবাসের জন্মকালজ্ঞাপক শ্লোকটি উল্লেখ করো।

(গ) 'গুণরাজ খান' — এই উপাধিটি কে, কাকে প্রদান করেন?

(ঘ) কানা হরিদত্তের নাম কার কোন্ গ্রন্থে পাওয়া যায়?

(ঙ) ধর্মমঙ্গল-এর কাব্যটি দুটি কাহিনী বিশিষ্ট। কাহিনী দুটি উল্লেখ করো।

(চ) বিদ্যাপতি রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

(ছ) চৈতন্য-পরবর্তী দু'জন বৈষ্ণব কবির নাম লেখো।

(জ) 'ব্রজবুলি' বলতে কী বোঝো?

(ঝ) বৈষ্ণবতত্ত্ব ও দর্শনের উল্লেখ কার লেখা কোন্ চৈতন্যজীবনী গ্রন্থে পাওয়া যায়?

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থের রচয়িতার নাম লেখো। গ্রন্থটির নাম পরিবর্তনের কারণ ব্যাখ্যা করো। ১+৪=৫

(খ) চর্যাপদ-এর তিব্বতি অনুবাদের আবিষ্কারক কে? চর্যাপদে বর্ণিত সমাজজীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪=৫

(গ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়? 'অভিসার' পর্যায়েব পদে তাঁর নিপুণতার পরিচয় দাও। ১+৪=৫

(ঘ) 'হে কাশী কবীশ দলে তুমি পুণ্যবাণ' — কাশীরাম দাস সম্পর্কে কে একথা বলেছেন? কাশীদাসী মহাভারতের মৌলিকত্ব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১+৪=৫

(ঙ) ধর্মমঙ্গল কে 'রাঢ়ের মহাকাব্য' বলা যায় কিনা তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ধর্মমঙ্গলের শ্রেষ্ঠ কবি কে? ৪+১=৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলায় তুর্কিদের রাজত্বকালকে 'অন্ধকার যুগ' হিসেবে অখ্যায়িত করা যায় কি? এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

(খ) চৈতন্যজীবনী কাব্যগুলি অবলম্বনে চৈতন্যজীবনের একটি রূপরেখা তৈরি করো।

(গ) মুকুন্দ চক্রবর্তী রচিত কাব্যটির নাম কী? উক্ত কাব্যে জীবনবাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(ঘ) বৈষ্ণব পদ অবলম্বনে জ্ঞানদাসের কবি কৃতিত্বের একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

(ঙ) চর্যাপদে ব্যবহৃত ভাষার রূপরীতি সম্পর্কে আলোকপাত করো।

***AP-I/Bengali-101C-1A/19***

## B.A. Semester I (General) Examination, 2018-19

## BENGALI

**Course ID: 10118** **Course Code: APBNG-101C-1A**

Course Title: সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) চর্যাপদের আসল নাম কী? এর টীকাকারের নাম লেখো। ১+১=২

(খ) তুর্কি আক্রমণের সময় বাংলাদেশের রাজা কে ছিলেন? তাঁর সভাকবির নাম কী? ১+১=২

(গ) চৈতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব কবির নাম লেখো। ২

(ঘ) চৈতন্যদেবের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো। ২

(ঙ) রামায়ণের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে? তাঁর গ্রন্থের নাম কী? ১+১=২

(চ) কাশীরাম দাস মহাভারতের ক'টি পর্ব অনুবাদ করেন? সেগুলির নাম লেখো। ১+১=২

(ছ) মনসামঙ্গল কাব্যের কয়টি ধারা ও কী কী? ১+১=২

(জ) ধর্মমঙ্গল কাব্যের আদি কবি কে? তাঁর কাব্যগ্রন্থের নাম কী? ১+১=২

(ঝ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয় ও কেন? ১+১=২

(ঞ) মালাধর বসুর উপাধি কী ছিল? তাঁকে কে এই উপাধি দিয়েছিলেন? ১+১=২

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) চর্যাপদের পূর্ববর্তী যে সংস্কৃত-অপভ্রংশ সাহিত্যের সন্ধান পাওয়া যায় সে সম্পর্কে আলোচনা করো।

(খ) চৈতন্যজীবনী সাহিত্যের ইতিহাসে শ্রীচৈতন্যচরিতামৃতের গুরুত্ব আলোচনা করো।

(গ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটি সম্পর্কে যা জানো লেখো।

(ঘ) মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্য সম্বন্ধে তোমার অভিমত ব্যক্ত করো।

(ঙ) ধর্মমঙ্গল কাব্যের ঐতিহাসিক উপাদানের পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বিদ্যাপতির কবি প্রতিভার পরিচয় দাও।

(খ) রামায়ণের অনুবাদক রূপে কৃত্তিবাস ওঝার শ্রেষ্ঠত্বের কারণগুলি উল্লেখ করো।

(গ) মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবিপ্রতিভার মাত্রাগুলি চিহ্নিত করো।

(ঘ) কবি মুকুন্দ চক্রবর্তীর কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব বুঝিয়ে দাও।

———

***ACHP-I/Bengali-103C-MIL-1/19***

# B.A. Semester I (General) Examination, 2018-19

# BENGALI

**Course ID: 10119** **Course Code: ACP-103C-MIL-1**

Course Title: উনিশ শতকের বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘আচার ভ্রংশ’ কবিতায় কাদের কথা বলা হয়েছে? ‘ভ্রংশ’ শব্দের অর্থ কী? ১+১=২

(খ) ‘পরাশর প্রমাণেতে বিধি বলে কেউ’। —কোন্ কবিতার অংশ? পরাশর কে? ১+১=২

(গ) ‘কথোপকথন’ গল্পে ব্যবহৃত দুটি আরবী শব্দের উল্লেখ করো।

(ঘ) ‘চাকর ভাড়াকরণ’ অংশে যে খানসামা কাজ করে তাঁর নাম কী? তিনি পূর্বে কী ছিলেন? ১+১=২

(ঙ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকের মূল বিষয়বস্তু কী? ২

(চ) কুলপালকের কন্যাগুলির নাম লেখো। ২

(ছ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো। ২

(জ) “মহারাজ্ঞী চিন্তা করিবেন না, মেওয়ারের আকাশ পরিস্কার হইতেছে, বীরত্ব ও অধ্যাবসায়ের জয় অনিবার্য্য’ —উক্তিটি কার? ‘মহারাজ্ঞী’ বলতে কাকে বোঝানো হয়েছে? ২

(ঝ) ঈশ্বরগুপ্তের কবিতাগুলি কোন পত্রিকায় প্রকাশিত হয়? পত্রিকাটির প্রকাশকাল লেখো। ২

(ঞ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকের কেন্দ্রীয় চরিত্র কে? এর প্রকাশকাল কত? ২

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ঈশ্বরগুপ্ত ‘কৌলীন্য’ কবিতায় কৌলীন্য প্রথা সম্পর্কে যা বলেছেন তা সংক্ষেপে লেখো।

(খ) “ধৰ্ম্মই ধৰ্ম্ম রক্ষা করেন, আমরা ধম্মাধর্ম্মের ধার ধারি নে, অথবা যার ধৰ্ম্ম সেই রক্ষা করে” — বক্তা কে? বক্তা -চরিত্রের বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ১+৪=৫

(গ) ‘কথোপকথন’ গ্রন্থে তৎকালীন সমাজ-সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৫

(ঘ) ‘কথোপকথন’ গ্রন্থ অবলম্বনে ‘সাহেব ও মুনসী’ পরিচ্ছেদটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(ঙ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসের গঠন বিন্যাস সম্পর্কে আলোচনা করো। ৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকের সংলাপ কতটা নাট্যোপযোগী তা বিচার করো।

(খ) পাঠ্যকবিতা অবলম্বন করে বাংলা কাব্যের ইতিহাসে ঈশ্বরগুপ্তের স্থান নিরূপণ করো।

(গ) কুলীনকুলসর্বস্ব নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসের প্রতাপসিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) ঊনবিংশ শতাব্দীর বঙ্গীয় রেনেসাঁসের দ্বৈধতা ঈশ্বরগুপ্তের কবিতায় যে ভাবে উৎকীর্ণ হয়েছে তার পরিচয় দাও।

***AP-III/Bengali-304C-SEC-1/19***

# B.A. Semester III (General) Examination, 2018-2019

# BENGALI

**Course ID: 30110** **Course Code: APBNG-304C-SEC-1**

**Course Title:** বাংলা ব্যাকরণ

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

নিম্নোক্ত প্রশ্নগুলির সঠিক উত্তরে টিক মারো (✓)ঃ ২×২০=৪০

১। বাংলা বর্ণমালায় মৌলিক স্বরধ্বনি কয়টি?

(ক) ৬

(খ) ৭

(গ) ৮

২। দন্ত-ব্যঞ্জনকে চিহ্নিত করো।

(ক) ব

(খ) ক

(গ) ধ

৩। তাড়িত ব্যঞ্জন কোনটি?

(ক) ষ

(খ) ড়

(গ) র

৪। বর্গের প্রথম ও তৃতীয় ব্যঞ্জনকে কী বলে?

(ক) অল্পপ্রাণ

(খ) মহাপ্রাণ

(গ) নাসিক্যবর্ণ

৫। সঘোষ-ধ্বনি কোনটি?

(ক) প

(খ) ফ

(গ) ব

৬। করিয়া > কইর‍্যা — এই পরিবর্তনকে কী বলে?

(ক) সমীভবন

(খ) স্বরলোপ

(গ) অপিনিহিত

৭। বড়দাদা > বড়দা — এই পরিবর্তনকে কী বলে?

(ক) সমীভবন

(খ) সমাক্ষরলোপ

(গ) অপিনিহিত

৮। সুবর্ণ > স্বর্ণ — এই পরিবর্তনকে কী বলে?

(ক) স্বরলোপ

(খ) সমাক্ষরলোপ

(গ) মধ্যস্বরলোপ

৯। রিক্সা > রিস্কা — এই পরিবর্তনকে কী বলে?

(ক) বর্ণবিপর্যয়

(খ) বিভাজন

(গ) সঙ্কোচন

১০। ধ্বনি পরিবর্তনের মুখ্য কারণ কোনটি?

(ক) মানসিক বিশ্বাস

(খ) উচ্চারণের ত্রুটি

(গ) আলঙ্কারিক প্রয়োগ

১১। শব্দার্থ পরিবর্তনের মুখ্য কারণ কোনটি?

(ক) শ্রবণবোধের ত্রুটি

(খ) উচ্চারণের আরামপ্রিয়তা

(গ) মানসিক বিশ্বাস

১২। ‘কালি’ — শব্দটি কী ধরণের অর্থপরিবর্তন?

(ক) অর্থবিস্তার

(খ) অর্থসঙ্কোচ

(গ) অর্থের অবনতি

১৩। ‘প্রদীপ’ — শব্দটি কী ধরণের অর্থপরিবর্তন?

(ক) অর্থবিস্তার

(খ) অর্থসঙ্কোচ

(গ) অর্থের অবনতি

১৪। 'পাত্র' — শব্দটি কী ধরণের অর্থপরিবর্তন?

(ক) অর্থসংক্রম

(খ) অর্থসঙ্কোচ

(গ) অর্থের অবনতি

১৫। অর্থোন্নতি হয়েছে কোন শব্দটির?

(ক) ভোগ

(খ) সন্দেশ

(গ) মনুষ্য

১৬। বাংলা বাক্যের মূলত কয়টি অংশ?

(ক) ১

(খ) ২

(গ) ৩

১৭। বাক্যকে কয়টি ভাগে ভাগ করা হয়?

(ক) ২

(খ) ৩

(গ) ৪

১৮। 'ছাত্র-ছাত্রীরা পড়ে' — বাক্যটি কী?

(ক) সরল

(খ) জটিল

(গ) যৌগিক

১৯। তৎসম শব্দ কোনটি?

(ক) কৃষ্ণ

(খ) কানু

(গ) কেষ্ট

২০। 'লুঙ্গি' — শব্দটি কোন ভাষা থেকে বাংলায় গৃহীত?

(ক) ফরাসি

(খ) জার্মান

(গ) বর্মি

*AH-I/Bengali-101C-1/19*

# B.A. Semester I (Honours) Examination, 2018-19

## BENGALI

**Course ID: 10111** **Course Code: AHBNG-101C-1**

Course Title: বাংলা সাহিত্যের ঐতিহ্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) যে কোনো একটি চর্যাপদের প্রথম দুই পংক্তি উল্লেখ করো যেখানে সমকালীন সমাজজীবনের ছবি ধরা পড়েছে।

(খ) 'সোনে ভরিতী করুণা নাবী
রূপা থোই নাহিক ঠাবী' — পদটির পদকর্তা কে? এখানে 'সোনা' ও 'রূপা' কীসের প্রতীক?

(গ) 'ব্ল্যাক অ্যাক্ট' ও 'ইন্ডিগো কমিশন' কী?

(ঘ) 'দাদন' ও 'গাদন' বলতে কী বোঝো?

(ঙ) 'কাঠের সেঁউতি মোর হৈলা অষ্টাপদ' — 'সেঁউতি' ও 'অষ্টাপদ' শব্দের অর্থ কী?

(চ) 'পরম কুলীন স্বামী বন্দ্য বংশ খ্যাত' — উদ্ধৃতিটিতে কোন্ অলঙ্কারের প্রয়োগ ঘটেছে ব্যাখ্যা করো।

(ছ) 'অন্নদামঙ্গল' কাব্যের কালনির্দেশক শ্লোক উদ্ধৃত করে রচনাকাল নির্ণয় করো।

(জ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অন্তর্ঘত জন্মখণ্ডের কাহিনি কবি কোথা থেকে গ্রহণ করেছেন?

(ঝ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'রাধা' অন্য কী নাম পরিচিত? তাঁর স্বামীর নাম কী?

(ঞ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' কবে রচিত হয়? এটি কোন্ শ্রেণির রচনা?

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) চর্যাপদের সাহিত্যমূল্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে 'রাধা' অথবা 'কৃষ্ণ' চরিত্রের পরিচয় দাও।

(গ) 'দুর্গোৎসব' নক্‌শাটি অবলম্বনে তৎকালীন জীবনচিত্র সম্পর্কে আলোকপাত করো।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে 'দক্ষযজ্ঞ' বর্ণনা করো।

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশটি প্রক্ষিপ্ত কিনা বিচার করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) রবীন্দ্রনাথ ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যকে 'রাজকণ্ঠের মণিমালা' বলে উল্লেখ করেছেন। — উপযুক্ত উদ্ধৃতিসহ উক্ত মন্তব্যের সারবত্তা বিচার করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' খণ্ড অবলম্বনে এই কাব্যের গীতিময়তার দিকটি আলোচনা করো।

(গ) 'চর্যাপদগুলি একটি বিশেষ ধর্মসম্প্রদায়ের সাধনসঙ্গীত' — আলোচনা করো।

(ঘ) 'হুতোম প্যাঁচার নক্শা'য় উনিশ শতকের সমাজচিত্র কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো।

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পদসংখ্যা কত? এর কাব্যমূল্য বিচার করে দেখাও।